নীতির প্রশ্নে আপোসহীন দৈনিক জনকণ্ঠ

তারিখঃ ০৬-০৩-২০২৩ (পৃঃ ০২)

## ব্রিতে কর্মশালা

# জাত উদ্ভাবনের সময় ৫- ৭ বছর কমিয়ে আনা হচ্ছে

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥** সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করে জাত উদ্ভাবন প্রক্রিয়ার সময় ৫- ৭ বছর কমিয়ে আনা হচ্ছে। আগে যেখানে একটি জাত উদ্ভাবনে ১০-১৫ বছর লেগে যেত, এখন সেই প্রক্রিয়া ৮-১০ বছরে সম্পন্ন করা যাবে। রবিবার বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) দুই দিনব্যাপী ট্রান্সফরমিং রাইস ব্রিডিং (টিআরবি) শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে ধান বিজ্ঞানীরা এ তথ্য জানিয়েছেন।

গাজীপুরস্থিত ব্রির কেন্দ্রীয় মিলনায়তনে আয়োজিত কর্মশালার উদ্বোধনী এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক মো. শাহজাহান কবীর। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মির্জা মোফাজ্জল ইসলাম, ইন্টারন্যাশনাল রাইচ রিসার্চ ইনস্টিটিউটের প্ল্যাটফরম লিডার ড. হ্যান্স রাজ ভারদোয়াজ, বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশনের (বিএমজিএফ) সিনিয়র প্রোগ্রাম অফিসার ড. গ্যারি এটলিন।

ইরি ও ব্রির যৌথ উদ্যোগে আয়োজিত কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন ইরি বাংলাদেশ অফিসের সিনিয়র উদ্ভিদ প্রজননবিদ ড. রফিকুল ইসলাম। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান। ব্রিতে চলমান টিআরবি প্রকল্পের হালনাগাদ অগ্রগতি ও অর্জন উপস্থাপন করেন ব্রির মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা। বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের পক্ষে প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো. হাসানুজ্জামান রনি।

সোমবারের
THE DAILY BANGLADESH KANTHA
মাটি ও মানুষের
# বাংলাদেশ কণ্ঠ
bangladeshkantha.com
ঢাকা: ০৬ মার্চ ২০২৩ ইং ❖ ২১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ ❖ ১৪ শাবান ১৪৪৪ হিজরী ❖ রেজিঃ নং ডিএ-৬০১২ ❖ বর্ষ-১৩ ❖ সংখ্যা-১৪৬ ❖ পৃষ্ঠা-৮ ❖ মূল্য-০৬



বিচ্ছেদ ও দুঃসময়ের কথা জানালেন সারা (পৃষ্ঠা-৬)

**মানুষ আর ভাঙা নৌকায় উঠবে না: গয়েশ্বর চন্দ্র রায়**



প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্দেশে বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন, বিরোধীদলের নেতাকর্মীদের মামলা দিয়ে, ...(২ এর পাতায় দেখুন)

**কোনো দুর্ঘটনা থেকেই আমরা শিক্ষা নেই না: জিএম কাদের**



চট্টগ্রামের সীতাকুণ্ডে অক্সিজেন প্ল্যান্টে এবং রাজধানীর সায়েন্সল্যাবে ভবনে বিস্ফোরণের ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন জাতীয় ...(২ এর পাতায় দেখুন)



সৌদি লিগে আরও পুরস্কার জিততে চান রোনালদো (পৃষ্ঠা-৬)

# ব্রিতে প্রযুক্তি ব্যবহারে জাত উদ্ভাবন প্রক্রিয়ার সময় ৫-৭ বছর কমেছে




গাজীপুর প্রতিনিধি :

সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার ব্যবহার করে জাত উদ্ভাবন প্রক্রিয়ার সময় ৫-৭ বছর কমিয়ে আনা হচ্ছে। আগে যেখানে একটি জাত উদ্ভাবনে ১০-১৫ বছর লেগে যেত এখন ৮-১০বছরে সে প্রক্রিয়া সম্পন্ন করা যাবে। গতকাল গাজীপুরে অবস্থিত ব্রি'র কেন্দ্রীয় মিলনায়তনে দুইদিন ব্যাপী ট্রান্সফরমিং রাইস ব্রিডিং বা টিআরবি শীর্ষক কর্মশালায় ধান বিজ্ঞানীরা এসব কথা জানিয়েছেন।

কর্মশালায় ব্রি মহাপরচালক মো. শাহজাহান কবীর বলেন, বিএমজিএফ এবং ইরির কারিগরি সহায়তায় টিআরবি প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করে জাত উদ্ভাবন প্রক্রিয়ার ১০-১৫ বছরের কাজের সময় কমে ৫-৭ বছরে আনা হচ্ছে। গবেষণা কার্যক্রমের আধুনিকীকরণ, জেনেটিক গেইন বৃদ্ধি, ভৌগলিক স্থান, বাজার ও কৃষকের চাহিদা ভিত্তিক ধানের জাত উদ্ভাবনে ব্রির সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক মো. শাহজাহান কবীরের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মির্জা মোফাজ্জল ইসলাম, ইন্টারন্যাশনাল রাইচ রিসার্চ ইনস্টিটিউটের প্ল্যাটফরম লিডার ড. হ্যান্স রাজ ভারদোয়াজ, বিল এন্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশনের (বিএমজিএফ), সিনিয়র প্রোগ্রাম অফিসার ড. গ্যারি এটলিন।

ইরি ও ব্রির যৌথ উদ্যোগে আয়োজিত কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন ইরি বাংলাদেশ অফিসের সিনিয়র উদ্ভিদ প্রজননবিদ ড. রফিকুল ইসলাম। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান। ব্রিতে চলমান টিআরবি প্রকল্পের হালনাগাদ অগ্রগতি ও অর্জন উপস্থাপন করেন ব্রির মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান ড. খোন্দকার মো. ইফতেখারুদৌলা ও বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের পক্ষে ড. মো. হাসানুজ্জামান রনি।

বিল এন্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশনের (বিএমজিএফ) এর অর্থায়নে ব্রি কর্তৃক বাস্তবায়নাধীন এই প্রকল্পের মাধ্যমে স্বল্প সময়ে ধানের জাত উদ্ভাবন, জলবায়ু পরিবর্তনজনিত বিরূপ পরিস্থিতিতে উন্নতজাতের ধান গবেষণার বর্তমান পরিস্থিতি ও সম্ভাবনা নিয়ে কর্মশালায় আলোকপাত করা হয়।

কর্মশালায় ব্রি-বিনা-ইরি এবং কৃষি বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের কৃষিবিজ্ঞানী, সরকারী-বেসরকারি বীজ উৎপাদক প্রতিনিধি ও গণমাধ্যমকর্মীসহ শতাধিক প্রতিনিধি কর্মশালায় অংশ নেন।